১৪

দৈনিক ইত্তেফাক

তারিখ 14 FEB 1998
পৃষ্ঠা ৩ কলাম ৭

অনিয়ম ও পরিচালনা কমিটিবিহীন স্কুল

# বগুড়ায় মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত

বগুড়া সংবাদদাতা ।। বিভিন্ন অনিয়ম, নিয়মিত পরিচালনা কমিটি বিহীন স্কুল, শিক্ষকের স্বল্পতা এবং প্রধান শিক্ষকবিহীন স্কুলের কারণে বগুড়ায় মাধ্যমিক পর্যায়ে শিক্ষা ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িয়াছে। বগুড়া শহরের প্রি-ক্যাডেট নার্সারী ও হাইস্কুল, গাবতলী পাইলট উচ্চ বিদ্যালয়, সোনাতলা গার্লস হাই-স্কুল, সোনারায় উচ্চ বিদ্যালয়, রণবাঘা উচ্চ বিদ্যালয়সহ জেলার (৮ম পৃঃ দ্রঃ)

## বগুড়ায় মাধ্যমিক

( ৩য় পৃঃ পর )

২৬টি উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ নিয়মিত পরিচালনা কমিটি নাই এমনকি এ্যাডহক কমিটি পর্যন্ত নাই। গত ১৫ বছর যাবৎ গাবতলী হাই স্কুলে ও প্রি-ক্যাডেট নার্সারী ও হাই স্কুল ৩ বছর যাবৎ প্রধান শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। গাবতলী হাইস্কুলে গত ৯ বছর যাবৎ ১০ জন শিক্ষকের পদশূন্য থাকিলেও সেখানে বিভিন্ন জটিলতার কারণে শিক্ষক নিয়োগ করা হয় নাই। এই অবস্থায় বগুড়ায় শিক্ষা ব্যবস্থায় দারুণ অচলাবস্থার সৃষ্টি হইয়াছে। সোনারায় হাইস্কুলের নিয়মিত কমিটি না থাকার কারণে বোর্ড কর্তৃক মঞ্জুরি প্রত্যাহার করা হইয়াছে। ফলে ঐ স্কুলের দশম শ্রেণীর ছাত্রদিগকে গাবতলী পাইলট হাইস্কুল হইতে এস এস সি পরীক্ষা দেওয়ার পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। অথচ গাবতলী পাইলট হাইস্কুলেও ১৫ বছর যাবৎ নিয়মিত কমিটিসহ কোন কমিটি এবং প্রধান শিক্ষক নাই। এক কথায় বগুড়ায় মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িয়াছে। বর্তমান অবস্থা অব্যাহত থাকিলে শিক্ষা ক্ষেত্রে চরম ক্ষতির আশংকা রহিয়াছে। ইহার আশু প্রতিকার প্রয়োজন বলিয়া অভিজ্ঞ মহল মনে করেন।